



Janata Bank Limited

# জনতা ব্যাংক লিমিটেড

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয় : ৪৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা (৫ম তলা), ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোন : ৯৫৬৭৪০২, ৯৫৫৩৩৩৫, ৯৫৫৮২৪০, পিএবিএক্স : ৯৫৬৫০০৩, ৯৫৬৬০৯৪, ৯৫৬৬০৮৯, ৯৫৬০২১৯, ৯৫৬৪১১১

সূত্র : পিডি/ডিজিএম/ছাতা/১৬

তারিখ : ১৭.০১.২০১৭

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক

প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস

লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা

সকল কর্পোরেট শাখা/অন্যান্য সকল শাখা

জনতা ব্যাংক লিমিটেড

বাংলাদেশ।

বিষয় : ২০১৬ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের ছাতার মূল্য পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ প্রসংগে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষ কর্তৃক ২০১৬ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল প্রত্যেক কর্মচারীকে উন্নতমানের ২৬" সাইজের প্রতিটি ছাতা সরবরাহ বাবদ ৩০০/- (তিন শত) টাকা নিম্নবর্ণিত নিয়মাবলী পরিপালন সাপেক্ষে পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধের অনুমোদন প্রদান করা হয়েছে।

নিয়মাবলী :-

- ১। ২০১৬ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল প্রত্যেক কর্মচারীকে স্টীলের বাট, কাল রং এর কাপড় ও অন্যান্য উন্নত সামগ্রী দ্বারা তৈয়ারী ২৬" সাইজের উন্নতমানের প্রতিটি ছাতার মূল্য বাবদ ৩০০/- (তিনশত) টাকা স্ব-স্ব কর্মচারী কর্তৃক ছাতা ক্রয়ের মেমো/ভাউচার সংশ্লিষ্ট অফিসে জমা করার পর পুনঃভরণ পদ্ধতিতে যথাযথ রেজিষ্টারে এন্ট্রি করতঃ পরিশোধ করতে হবে।
- ২। ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী সকল স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীকে ১(এক)বৎসর অন্তর অন্তর অর্থাৎ প্রতি ২(দুই) বৎসরে ১(এক)টি ছাতা সরবরাহ করা হয়। সুতরাং যারা গত বৎসর ২০১৫ সালে ব্যাংক হতে ছাতা পেয়েছেন তারা ২০১৬ সালে ছাতা পাওয়ার যোগ্য হবেন না এবং একই ব্যক্তি যাতে একাধিক ছাতার মূল্য গ্রহণের সুযোগ না পায় সে ব্যাপারে ছাতা সরবরাহের রেজিষ্টারে স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের নাম লিপিবদ্ধ করে স্বাক্ষর গ্রহণ করতে হবে।
- ৩। এল.পি.আর./পি.আর.এল. ভোগরত কর্মচারীগণ ছাতা পাওয়ার যোগ্য হবেন না। তবে সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ উক্ত ছাতা পাবেন।
- ৪। প্রধান কার্যালয়ে কর্মরত স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের ছাতা ক্রয়ের বিষয়ে নিশ্চিত হয়ে ছাতা ক্রয়ের মেমো/ভাউচারের পিছনে সংশ্লিষ্ট নন-ক্লারিক্যাল কর্মচারীর স্বাক্ষর গ্রহণ করতঃ তা সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পূর্বক বিল পরিশোধের জন্য প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে।
- ৫। বর্তমান বৎসরে (২০১৬ সালে) ছাতা গ্রহণকারী কর্মচারীদের নামের তালিকা (প্রধান কার্যালয় ব্যতীত) শাখা সমূহ কর্তৃক স্ব-স্ব বিভাগীয় কার্যালয়/স্থায়ী কার্যালয়/এরিয়া অফিস/কর্পোরেট শাখার মাধ্যমে আগামী ২৮.০২.২০১৭ তারিখের মধ্যে প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ৪৮, মতিঝিল বা/এ, ঢাকায় প্রেরণ করতে হবে।

চলমান পাতা-২

E:/Ujjal/Uniform/15



Janata Bank Limited

# জনতা ব্যাংক লিমিটেড

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয় : ৪৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা (৫ম তলা), ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোন : ৯৫৬৭৪০২, ৯৫৫৩৩৩৫, ৯৫৫৮২৪০, পিএবিএক্স : ৯৫৬৫০০৩, ৯৫৬৬০৯৪, ৯৫৬৬০৮৯, ৯৫৬০২১৯, ৯৫৬৪৩৬০

-২-


সূত্র : পিডি/ডিজিএম/ছাতা/১৬

তারিখ : ১৭.০১.২০১৭


৬। উল্লেখ্য কর্মচারীগণ কর্তৃক ছাতা ক্রয় করায় সরকারী নিয়মানুযায়ী ছাতার মূল্য প্রদানকালে ৫% হারে অর্থ্যাৎ ১৫/- (পনের) টাকা করে ভ্যাট কর্তন পূর্বক তা একীভূত আকারে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যুকরতঃ আগামী ১(এক) মাসের মধ্যে একাউন্টস ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল, বা/এ, ঢাকায় প্রেরন করতে হবে। কোন কোন অফিস হতে সিআইবিটিসিএ সমূহ প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টের বরাবরে প্রেরন করা হয় যাহা মোটেও কাম্য নয়।

উপরোক্ত নিয়মাবলী যথাযথভাবে পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

শ্রদ্ধান্তে/ধন্যবাদান্তে।

  
(মোঃ আবু সাঈদ)  
সহকারী মহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,

  
(মোঃ মহসীন আলী সরকার)  
উপ-মহাব্যবস্থাপক

অনুলিপি :

১. সিইও এবং ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. কোম্পানী সেক্রেটারী, কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপ-ব্যবস্থাপনা পরিচালক এর ব্যক্তিগত সহকারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সকল মহাব্যবস্থাপকের ব্যক্তিগত সহকারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়/ডিভিশনাল অফিস/ ঢাকা-নর্থ/ ঢাকা- সাউথ/ চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/কুমিল্লা/ময়মনসিংহ/ফরিদপুর/লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা।
৫. চীফ এক্সিকিউটিভ, জেসিআইএল, ঢাকা।
৬. নথি

E:/Ujjal/Uniform/15